# 38703 - এক নারী গর্ভবতী, তার কিছু স্রাব নির্গত হয়; তিনি কি নামায ত্যাগ করবেন?

## প্রশ্ন

আমার স্ত্রী থেকে কফ-কালারের একটি পদার্থ নির্গত হচ্ছে। মাঝেমধ্যে তার মাসিক হয় না। সে কি রোযা রাখবে ও নামায পড়বে; নাকি পড়বে না? উল্লেখ্য আমার স্ত্রী তার প্রেগনেন্সির প্রথম দিকে, ১ মাস ১৫ দিন।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

অনেক আলেমের মতে, গর্ভবতী নারীর হায়েয হয় না। এটি আবু হানিফা ও আহমাদ এই দুইজন ইমামের অভিমত।[দেখুন: আল-মুগনী (১/৪৪৩)]

এই অভিমতটি স্থায়ী কমিটির আলেমগণ নির্বাচন করেছেন।

অপর একদল আলেমের মতে, গর্ভবতী নারীর হায়েয হতে পারে। এটি মালেক ও শাফেয়ি এই দুই ইমামের অভিমত।[দেখুন: আল-মাজমু (২/৪১১-৪১২)]

এই অভিমতটি শাইখ মুহাম্মদ বিন ইব্রাহিম ও শাইখ ইবনে উছাইমীন তাঁরা নির্বাচন করেছেন।

তবে শর্ত হলো নির্গত রক্তের বৈশিষ্ট্য হায়েযের রক্তের বৈশিষ্ট্য হতে হবে এবং হায়েযের সময়মত হতে হবে।

ইতিপূর্বে 226060 নং প্রশ্নোত্তরে এ বিষয়টি আলোচিত হয়েছে।

তবে উপরোক্ত অভিমতদ্বয়ের কোনটি মতেও আপনার স্ত্রী থেকে নির্গত স্রাব হায়েয নয়। কেননা সেটি হায়েযের রক্তের বৈশিষ্ট্যে নয় এবং হায়েযের সময়মত নয়।

অতএব, আপনার স্ত্রী পবিত্র অবস্থায় আছেন। তিনি নামায পড়বেন, রোযা রাখবেন এবং পবিত্র নারীগণ যা যা করতে পারেন তিনিও তা তা করতে পারবেন।